রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২৬

## সূচীপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭০৭—৭২৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০০১—১০২০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩১৭—৩৩২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০২৫—১০৫৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩/ ১৮ আগস্ট ২০২৬

**নং ০৩.০৭.০০০০.০০৫.০৬.০০২.২০-১৮৫১**—বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০1০ এর ধারা ২২ এর উপ-ধারা ৩অনুযায়ী বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের গভর্নিং বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ এবং উপ-ধারা ৪ অনুযায়ী উক্ত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করতে হবে মর্মে বিধান রয়েছে বিধায় গত ০৩ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের ১০ম সভায় গৃহীত নিম্নরূপ সিদ্ধান্তসমূহ প্রজ্ঞাপন আকারে জারি করা হলো।

সিদ্ধান্ত-২.১: আলোচ্য কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর গভর্নিং বোর্ডের ৯ম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

সিদ্ধান্ত-২.২: গভর্নিং বোর্ডের ৯ম সভার বাস্তবায়নাধীন সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়ন করতে হবে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সিদ্ধান্ত-২.৩: বিগত ২০০৪-২০০৬ সময়কালে বাংলাদেশ জুট মিলস্ কর্পোরেশনের আওতাধীন বন্ধকৃত আদমজী জুট মিলস্ লিঃ এবং বাংলাদেশ ষ্টীল মিলস্ কর্পোরেশনের আওতাধীন চট্টগ্রাম ষ্টীল মিলস্ লিঃ কে রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকায় (ইপিজেড) রূপান্তরের উদ্দেশ্যে দায়মুক্তভাবে বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের (বেপজা) নিকট হস্তান্তরের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানদ্বয়ের যাবতীয় দায়দেনা অবলোপনের মাধ্যমে নামমাত্র মূল্যে বেপজা'র নিকট হস্তান্তর করা হয়।

এক্ষেত্রে যে শর্ত এবং পদ্ধতিতে আদমজী জুট মিল এবং চট্টগ্রাম ষ্টীল মিলকে হস্তান্তর করা হয়েছিল, অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করে বাংলাদেশ জুট মিলস কর্পোরেশনের আওতাধীন করিম জুট মিলস লিঃ ও লতিফ বাওয়ানী জুট মিলস লিঃ এবং বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন কুষ্টিয়া সুগার মিলস লিঃ-কে বেজা'র নিকট হস্তান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত-২.৪: সিরাজগঞ্জ অর্থনৈতিক অঞ্চল লিমিটেড কর্তৃক Unit Investor-এর নিকট ভূমি বিক্রয় ও ঋণ গ্রহণের লক্ষ্যে ব্যাংকে বন্ধক প্রদানের জন্য ক্রয়কৃত জমির নামজারি আবেদন বেজা'র বেসরকারী অর্থনৈতিক অঞ্চল নীতি ২০১৫, সম্পাদিত ডেভেলপার ও অপারেটর চুক্তি এবং প্রদত্ত লাইসেন্সে উল্লিখিত বিধান ও শর্তাবলির পরিপন্থী।

বিশদ আলোচনার পরিপ্রেক্ষিতে, এ বিষয়ে অধিকতর পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পরবর্তী গভর্নিং বোর্ড সভায় পুনরায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত-২.৫: বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)-এর ২০২৪-২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য কার্যাদেশপ্রাপ্ত বসু ব্যানার্জী নাথ এ্যান্ড কোং-কে নিয়োগের ভূতাপেক্ষ অনুমোদন এবং ২০২৪-২৫ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত-২.৬: বিভিন্ন সরকারি অর্থনৈতিক অঞ্চলের বিনিয়োগকারীগণ কর্তৃক উত্থাপিত দাবি সমূহের (যেমন, দ্রুততম সময়ের মধ্যে বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে Approach Road-সহ অভ্যন্তরীণ যোগাযোগ (Internal Communication) অবকাঠামোর উন্নয়ন কাজ সম্পন্নকরণ, নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ, পর্যাপ্ত পানি সরবরাহ, কেন্দ্রীয় পানি শোধনাগার ও বিতরণ ব্যবস্থা গড়ে তোলা ইত্যাদি) পরিপ্রেক্ষিতে বিনিয়োগকারীদের অনুকূলে প্রয়োজনীয় পরিষেবা নিশ্চিত না হওয়া পর্যন্ত যেসকল বিনিয়োগকারী প্রতিষ্ঠান শিল্প-কারখানা স্থাপনের নিমিত্ত বরাদ্দকৃত জমিতে শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগের বেশি উন্নয়ন কাজ সম্পন্ন করেছেন, সে সকল প্রতিষ্ঠানকে কেস টু কেস ভিত্তিতে বেজা কর্তৃক আরোপিত সার্ভিস চার্জ অথবা ভাড়া প্রদান হতে ০২ (দুই) বছরের জন্য অব্যাহতির সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সিদ্ধান্ত-২.৭: বাংলাদেশ সরকারের পরিবেশগত এজেন্ডা-আগামী ০৫ বছরে ২৫ কোটি গাছ লাগানোর অংশ হিসেবে বেজা কর্তৃক বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে ১,২৫,৭৫০ টি বৃক্ষ রোপণের কর্মপরিকল্পনা অনুমোদিত হয়।

উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে নিমসহ বিভিন্ন দেশীয় প্রজাতির গাছ রোপণের উপর গুরুত্বারোপ করা হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন**
নির্বাহী চেয়ারম্যান (প্রতিমন্ত্রী পদমর্যাদা)।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩/০৬ জুলাই ২০২৬

নং **০৫.০০.০০০০.০০০.১৮০.২৭.০০০৯.২৬-৭৩**—যেহেতু, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৫ এর আওতাধীন পবিত্র ঈদ-উল-আজহার কুরবানির বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনার দায়িত্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ ছাদেকুর রহমান (পরিচিতি নং-১৫৮৬৫) এর উপর ন্যস্ত ছিল। কিন্তু গত ২৯-০৫-২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বর্জ্য অপসারণ কার্যক্রম পরিদর্শনকালে যথাযথভাবে বর্জ্য অপসারণ না হওয়ায় তিনি অসন্তোষ প্রকাশ করেন। এতে বর্ণিত কর্মকর্তার দায়িত্বে অবহেলা পরিলক্ষিত হয়। তাঁর দায়িত্ব অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা হতে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় কার্যধারা (কার্যধারা নং-১০/২০২৬) রুজু করা হয়। বিভাগীয় কার্যধারা রুজু করা হলে ১৮ জুন ২০২৬ তারিখে ৬৪ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা জানতে চাওয়া হয়। তিনি ২৯-০৬-২০২৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৫-০৭-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

২। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে উক্ত বিভাগীয় কার্যধারার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রতিষ্ঠিত হয়নি মর্মে প্রতীয়মান হওয়ায় একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী উক্ত বিভাগীয় কার্যধারার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সেহেতু, জনাব মোঃ ছাদেকুর রহমান (১৫৮৬৫), উপসচিব (সাময়িক বরখাস্তকৃত), সাবেক আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (উপসচিব), অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর বিরুদ্ধে আনীত "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় কার্যধারা (কার্যধারা নং-১০/২০২৬) দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী তাঁকে অব্যাহতি প্রদান করা হলো এবং একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(৩) অনুযায়ী প্রত্যাহার করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর বিধি-৭২ (এ) অনুযায়ী তাঁর সাময়িক বরখাস্ত শুরুর তারিখ অর্থাৎ ০১-০৬-২০২৬ হতে ০৬-০৭-২০২৬ তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসাবে গণ্য করা হলো এবং তিনি সাময়িক বরখাস্তকালের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **০৫.০০.০০০০.০০০.১৮০.২৭.০০০৮.২৬-৭৪**—যেহেতু, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অঞ্চল-১ এর আওতাধীন ১৮ নং ওয়ার্ডস্থ প্রিন্স টাওয়ার ও বাটা সিগন্যাল মোড়ের সামনে পবিত্র ঈদ-উল-আজহার কুরবানির বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনার দায়িত্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জনাব কাজী সালেহ মুস্তানজির (পরিচিতি নম্বর-১৬২০৯) এর উপর ন্যস্ত ছিল। কিন্তু গত ২৯-০৫-২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বর্জ্য অপসারণ কার্যক্রম পরিদর্শনকালে যথাযথভাবে বর্জ্য অপসারণ না হওয়ায় তিনি অসন্তোষ প্রকাশ করেন। এতে বর্ণিত কর্মকর্তার দায়িত্বে অবহেলা পরিলক্ষিত হয়। তাঁর দায়িত্ব অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন নিয়োগ-২ শাখা হতে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় কার্যধারা (কার্যধারা নং-০৯/২০২৬) রুজু করা হয়। বিভাগীয় কার্যধারা রুজু করা হলে ১৮ জুন ২০২৬ তারিখে ৬৫ সংখ্যক স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না জানতে চাওয়া হয়। তিনি ০১-০৭-২০২৬ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৫-০৭-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

২। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে উক্ত বিভাগীয় কার্যধারার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রতিষ্ঠিত হয়নি মর্মে প্রতীয়মান হওয়ায় একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী উক্ত বিভাগীয় কার্যধারার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সেহেতু, জনাব কাজী সালেহ মুস্তানজির (পরিচিতি নম্বর-১৬২০৯), উপসচিব (সাময়িক বরখাস্তকৃত), সাবেক আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (উপসচিব), অঞ্চল-১, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর বিরুদ্ধে আনীত "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮" এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় কার্যধারা (কার্যধারা নং-০৯/২০২৬) দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী তাঁকে অব্যাহতি প্রদান করা হলো এবং একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী প্রদত্ত সাময়িক বরখাস্তের আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(৩) অনুযায়ী প্রত্যাহার করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর বিধি-৭২ (এ) অনুযায়ী তাঁর সাময়িক বরখাস্ত শুরুর তারিখ অর্থাৎ ০১-০৬-২০২৬ হতে ০৬-০৭-২০২৬ তারিখ পর্যন্ত সময়কে কর্মকাল হিসাবে গণ্য করা হলো এবং তিনি সাময়িক বরখাস্তকালের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩৩/২০ জুলাই ২০২৬

নং **০৫.০০.০০০০.১৮০.২৭.০০৪.২৪-৮১**—ড. মোঃ গোফরান ফারুকী (পরিচিতি নং-১৫৩২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় বিগত ২৭ মার্চ ২০১৯ তারিখে লিয়েনের আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অস্ট্রেলিয়ার সিডনিতে অবস্থিত MGM Certified Practising Accountants (CPAs) LTd শীর্ষক সংস্থায় Senior Administration Officer পদে চাকরি করার জন্য ২৪-০৬-২০১৯ থেকে ২৩-০৬-২০২১ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে তাঁর অনুকূলে লিয়েন মঞ্জুর করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ২৪-০৬-২০২১ থেকে ২৩-০৬-২০২৩ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর লিয়েনের মেয়াদ বৃদ্ধি করা হয়। তাঁর অনুকূলে অনুমোদিত মোট ০৪ (চার) বছর লিয়েনের মেয়াদ শেষে তিনি পূর্বের লিয়েনের ধারাবাহিকতায় ২৪-০৬-২০২৩ থেকে ২৩-০৬-২০২৪ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর লিয়েন বর্ধিতকরণের জন্য গত ৩০-০৪-২০২৩ তারিখে আবেদন করেন। লিয়েন বর্ধিতকরণের আবেদনটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক না মঞ্জুর হওয়ায় যথাসময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করার জন্য গত ০৪ জুন ২০২৩ তারিখ তাঁকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিনি অদ্যাবধি চাকরিতে যোগদান করেননি। তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ দিনের উর্ধ্বে মোট ০১ বছর ১৩ দিন অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করায় চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা হতে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। ড. মোঃ গোফরান ফারুকী (পরিচিতি নং-১৫৩২৬)-এর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা ১১/২০২৪ রুজু করা হয়; এবং

২। যেহেতু, ড. মোঃ গোফরান ফারুকী (পরিচিতি নং-১৫৩২৬)- কে গত ১০-০৭-২০২৪ তারিখে কারণ দর্শানো হলে তিনি নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও লিখিত জবাব দাখিল করেননি। সেপ্রেক্ষিতে সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৩) অনুযায়ী উক্ত অভিযোগটি তদন্ত করার জন্য ড. ওয়াহিদা মুসাররত অনীতা (পরিচিতি নম্বর-৬৮৩২), যুগ্মসচিব, মুদ্রণ ও পরিবহন অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়- কে উক্ত বিভাগীয় কার্যধারা-১১/২০২৪ এর তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ড. ওয়াহিদা মুসাররত অনীতা (পরিচিতি নম্বর-৬৮৩২), গত ১৫-১২-২০২৬ তারিখে ড. মোঃ গোফরান ফারুকী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী আনীত যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে ‘চাকরি হতে বরখাস্তকরণ’ সূচক গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ তাঁর বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ই- মেইলে প্রেরণ করা হয়। তাঁর স্থায়ী ঠিকানায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে সেটি ফেরত আসে; এবং

৫। যেহেতু, ড. মোঃ গোফরান ফারুকী (পরিচিতি নং-১৫৩২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করার পরিপ্রেক্ষিতে ‘চাকরি হতে বরখাস্তকরণ’ নামীয় গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি মোতাবেক প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬ নং প্রবিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করা হয়। এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করেন; এবং

৬। সেহেতু, ড. মোঃ গোফরান ফারুকী (পরিচিতি নং-১৫৩২৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে ‘চাকরি হতে বরখাস্তকরণ’ সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এহছানুল হক**
সিনিয়র সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৬ শ্রাবণ ১৪৩৩/২১ জুলাই ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৫.১৭৫**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | রশিদপুর | ৪৪ | ২৮১১ | ৪ | জামালপুর সদর | জামালপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৬ জুলাই ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০৯৫.২০২০-৩২**—ডা. মোহাম্মদ মনিরুল ইসলাম (৪১৯২৮), সহকারী অধ্যাপক (নিউরো-সার্জারি), ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি, তেজগাঁও, ঢাকা-এর অসদাচরণের জন্য ০৫-০৬-২০২২ খ্রি. তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের জন্য ‘বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ’ লঘুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু উক্ত কর্মকর্তা ১৬-১২-২০২৫ খ্রি. তারিখ পিআরএল গমণ করেন এবং তিনি কোলন ক্যান্সারে (Colon Cancer) আক্রান্ত, সেহেতু উক্ত দণ্ডাদেশ পিআরএল গমণের পরবর্তী মেয়াদ প্রমার্জন করা হলো।

তিনি পিআরএল গমণের তারিখ হতে সকল আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২২ জুলাই ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০০৪.২৬-৪৯**—যেহেতু ডা. রেজওয়ানুর আলম (রায়হান), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, বরগুনায় কর্মরত আছেন;

যেহেতু, ডা.লুৎফুন্নাহার লনী (১৩০৫৩৫), আবাসিক সার্জন, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, বরগুনায়-গত জুন ২০২৬ মাসে যোগদান করেন;

যেহেতু উক্ত চিকিৎসক যোগদানের পর থেকেই তত্ত্বাবধায়ক সুযোগ পেলেই, কারণ ছাড়াই অফিস রুমে ডাকতেন এবং অনৈতিক প্রস্তাব/কুপ্রস্তাব এবং অশালীন ইঙ্গিত করতেন;

যেহেতু সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, ‘কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে’;

সেহেতু, ডা. রেজওয়ানুর আলম (রায়হান)- কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ শ্রাবণ ১৪৩৩/২২ জুলাই ২০২৬

**নং ৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০১.১৭(অংশ)-৩২৬৪**—সিরাজগঞ্জ জেলার দুটি সরকারি হাসপাতাল এবং মাদারীপুর জেলার একটি ট্রমা সেন্টারের নাম পরিবর্তন করে নিম্নরূপভাবে নামকরণ করা হলো :

| ক্রম | বিদ্যমান নাম | পরিবর্তিত নাম |
|---|---|---|
| ১. | শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ |
| ২. | ২০ শয্যাবিশিষ্ট শেখ হাসিনা ট্রমা হাসপাতাল, মুলিবাড়ী, সিরাজগঞ্জ | ২০ শয্যাবিশিষ্ট ট্রমা হাসপাতাল, মুলিবাড়ী, সিরাজগঞ্জ |
| ৩. | ২০ শয্যাবিশিষ্ট ইলিয়াস আহমেদ চৌধুরী ট্রমা সেন্টার, শিবচর, মাদারীপুর | ২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টার, শিবচর, মাদারীপুর |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আষাঢ় ১৪৩৩/১৫ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৭.৯৯.০১৩৫.২০২২-৫৫২**—যেহেতু স্থানীয় সরকার বিভাগের ০৬-০৯-২০১১ তারিখের ৬৮৫ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব মোঃ আনিছুর রহমান সরদার, সহকারী প্রকৌশলী (সাবেক ভারপ্রাপ্ত, নির্বাহী প্রকৌশলী), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জেলা- বগুড়া-কে সরকারি চাকরি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (বি) বিধি অনুযায়ী চাকরি হতে বাধ্যতামূলক অবসর প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোঃ আনিছুর রহমান সরদার উক্ত আদেশের বৈধতা চ্যালেঞ্জ করে প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা দায়ের করেন। পরবর্তীতে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, এ.এ.টি মামলা নং- ২৫৬/২০১৬ এর রায় ও আদেশে বাধ্যতামূলক অবসরের আদেশকে অবৈধ ঘোষণা করে তাঁকে বকেয়া বেতন-ভাতাদিসহ চাকরিতে পুনর্বহালের নির্দেশ প্রদান করেন।

যেহেতু, উক্ত রায়ের বিরুদ্ধে সরকার কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল পরবর্তীতে প্রত্যাহার করা হলে মাননীয় আপিল বিভাগ মামলাটি non-prosecution হিসেবে খারিজ করেন। ফলে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের রায় চূড়ান্তভাবে বহাল ও কার্যকর রয়েছে।

যেহেতু, এ বিষয়ে আইন ও বিচার বিভাগের মতামত গ্রহণ করা হলে উক্ত বিভাগ আদালতের রায় বাস্তবায়নের লক্ষ্যে জনাব মোঃ আনিছুর রহমান সরদার- কে বকেয়া বেতন-ভাতাদিসহ চাকরিতে পুনর্বহাল করার বিষয়ে মতামত প্রদান করে।

সেহেতু, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের রায়, মাননীয় আপিল বিভাগের আদেশ এবং আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে আদালতের রায় বাস্তবায়নের লক্ষ্যে সরকার এতদ্বারা স্থানীয় সরকার বিভাগের ০৬-০৯-২০১১ তারিখের ৬৮৫ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব মোঃ আনিছুর রহমান সরদার-এর ক্ষেত্রে জারীকৃত বাধ্যতামূলক অবসরের আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে ০৬-০৯-২০১১ তারিখ হতে চাকরিতে পুনর্বহাল করা হলো। তিনি আদালতের রায় এবং প্রচলিত বিধি বিধান অনুযায়ী বকেয়া বেতন-ভাতা প্রাপ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুল হাসান**
সচিব।

---

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৪ শ্রাবণ ১৪৩৩/১৯ জুলাই ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.১৫৬৫**—জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তার নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ মাহবুবের রহমান<br>পিতা- মোঃ জয়নাল আবেদিন<br>মাতা- আকতারা বেগম<br>ঠিকানা-বাসা/ হোল্ডিং: আব্দুর রহমান বিল্ডিং, গ্রাম/রাস্তা: ১৫৭ নং মাঝির ঘাট, ডাকঘর: জি. পি. ও- ৪০০০, ডবলমুরিং, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। | জেলা পরিষদ, চট্টগ্রাম |

২। নিয়োগকৃত প্রশাসক জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তিনি বিধিবিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার ফরহাদ আহমদ**
যুগ্মসচিব।

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৪ শ্রাবণ ১৪৩৩/১৯ জুলাই ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.১৫৬৫**—জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তার নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ মাহবুবের রহমান<br>পিতা- মোঃ জয়নাল আবেদিন<br>মাতা- আকতারা বেগম<br>ঠিকানা-বাসা/ হোল্ডিং: আব্দুর রহমান বিল্ডিং, গ্রাম/রাস্তা: ১৫৭ নং মাঝির ঘাট, ডাকঘর: জি. পি. ও- ৪০০০, ডবলমুরিং, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। | জেলা পরিষদ, চট্টগ্রাম |

২। নিয়োগকৃত প্রশাসক জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তিনি বিধিবিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার ফরহাদ আহমদ**
যুগ্মসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩/২১ জুলাই ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০১১.২৩-৬৭**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ ও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | হারুন অর রশীদ<br>বিপি-৭৪০১১১৯৭৫৩<br>বিসিএস ২০তম ব্যাচ,<br>সাবেক ডিবি প্রধান, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৬, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১০৯/১৪৯/৩০২/৩৪ ধারা |
| | | ধানমন্ডি থানার মামলা নং-০৭, তারিখ: ১৯-০৯-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/২০১/৩৪ ধারা |
| | | মোহাম্মদপুর থানার মামলা নং-৬৩, তারিখ: ২৮-০৯-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/৩৪ ধারা |
| ০২ | বিপ্লব কুমার সরকার<br>বিপি-৭২০৩১২২৫৯৬<br>বিসিএস ২১তম ব্যাচ,<br>সাবেক অতিরিক্ত ডিআইজি (যুগ্ম কমিশনার), ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৬, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১০৯/১৪৯/৩০২/৩৪ ধারা |
| | | ধানমন্ডি থানার মামলা নং-০৭, তারিখ: ১৯-০৯-২০২৪, পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/২০১/৩৪ ধারা |
| | | মোহাম্মদপুর থানার মামলা নং-৬৩, তারিখ: ২৮-০৯-২০২৪, পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/৩৪ ধারা |
| ০৩ | সঞ্জিত কুমার রায়, বিসিএস ২১তম ব্যাচ, সাবেক যুগ্ম কমিশনার, ডিএমপি, ঢাকা | ধানমন্ডি থানার মামলা নং-০৭, তারিখ: ১৯-০৯-২০২৪, পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/২০১/৩৪ ধারা |
| ০৪ | মোহাম্মদ ইকবাল হোসাইন, বিপি-৮১০৮১২১৬৩৮<br>বিসিএস ২৭তম ব্যাচ, সাবেক উপ-পুলিশ কমিশনার, ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৬, তারিখ: ২৯-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১০৯/১৪৯/৩০২/৩৪ ধারা |

নং ৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০০১.২৬-৬৮—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | হারুন অর রশীদ<br>বিপি-৭৪০১১১৯৭৫৩<br>বিসিএস ২০তম ব্যাচ,<br>সাবেক ডিবি প্রধান, ডিএমপি, ঢাকা | মিরপুর (ডিএমপি) মডেল থানার মামলা নং-১০, তারিখ: ০৪-০৯-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৯/৩০২/৩৪ ধারা |
| | | যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৪, তারিখ: ১০-০৯-২০২৪ খ্রি. |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১০, তারিখ: ১৬-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর৩০২/১০৯/১২০বি/১৪২/১৪৩/১৪৪/১৪৭/১৪৮/১৫৩/৩৫২/৩২৪/৩২৫/৩২৬/৩৪ ধারা তৎসহ The Arms Act, 1878-এর19(a)/19(F)/20A |
| | | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-৩৯, তারিখ: ৩০-০৮-২০২৪ খ্রি. ধারা ৩০২/১৪৯/৩৪ পিসি |
| | | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-১৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ ধারা |
| ০২ | বিপ্লব কুমার সরকার<br>বিপি-৭২০৩১২২৫৯৬<br>বিসিএস ২১তম ব্যাচ,<br>সাবেক অতিরিক্ত ডিআইজি (যুগ্ম কমিশনার), ডিএমপি, ঢাকা | মিরপুর (ডিএমপি) মডেল থানার মামলা নং-১০, তারিখ: ০৪-০৯-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৯/৩০২/৩৪ ধারা |
| | | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-৩৪, তারিখ: ১০-০৯-২০২৪ খ্রি. ধারা ৩০২/৩৪ |
| | | মিরপুর মডেল থানার মামলা নং-১০, তারিখ: ১৬-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/১০৯/১২০বি/১৪২/১৪৩/১৪৪/১৪৭/১৪৮/১৫৩/৩৫২/৩২৪/৩২৫/৩২৬/৩৪ ধারা তৎসহ The Arms Act, 1878-এর 19(a)/19(F)/20A |
| | | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-১৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ ধারা |
| ০৩ | এস এম মেহেদী হাসান<br>বিপি-৭২০৩০২৭৮০৮<br>বিসিএস ২২তম ব্যাচ,<br>সাবেক যুগ্ম কমিশনার, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-১৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. ধারা ১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ পেনাল কোড, ১৮৬০ তৎসহ The Explosive Substances Act 1908 ৩/৬ |
| ০৪ | মোহাম্মদ ইকবাল হোসাইন,<br>বিপি-৮১০৮১২১৬৩৮<br>বিসিএস ২৭তম ব্যাচ,<br>সাবেক উপ-পুলিশ কমিশনার, ওয়ারী বিভাগ, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী থানার মামলা নং-৩৪, তারিখ: ১০-০৯-২০২৪ খ্রি. ধারা ৩০২/৩৪ |
| | | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-১৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ ধারা পেনাল কোড, ১৮৬০ তৎসহ The Explosive Substances Act 1908 ৩/৬ |
| ০৫ | গোলাম রুহানী<br>বিপি-৮৬১৪১৬৭৯৫৩<br>বিসিএস ৩৬তম ব্যাচ, সাবেক এসি<br>মতিঝিল জোন, ডিএমপি, ঢাকা | যাত্রাবাড়ী (ডিএমপি) থানার মামলা নং-১৫, তারিখ: ২২-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩২৩/৩০৭/৩০২/১০৯/১১৪/৩৪ ধারা পেনাল কোড, ১৮৬০ তৎসহ The Explosive Substances Act 1908 ৩/৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন**
উপসচিব।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**টিভি-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জুন ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৪.১৮.০০৭.২৬.৬১১**—কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬ এর ধারা (১২) এবং কেবল্ টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০ এর বিধি (১০) মোতাবেক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.১৮.০০১.১৭-৭৫ সংখ্যক স্মারকে সরকার কর্তৃক গঠিত পরামর্শক কমিটি নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো :

| | |
|---|---|
| | **সভাপতি** |
| ১. | সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| | **সদস্যবৃন্দ** |
| ২. | প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মনোনীত অন্যূন মহাপরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৩. | অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ৪. | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৫. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৬. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৭. | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৮. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ৯. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ১০. | বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর প্রতিনিধি |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। |
| ১২. | যুগ্মসচিব (টিভি), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ১৩. | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা |
| ১৪. | Association of TV Channel Owners (ATCO)-এর প্রতিনিধি |
| ১৫. | সরকার কর্তৃক মনোনীত বেসরকারি সম্প্রচার মাধ্যমের একজন প্রতিনিধি |
| | **সদস্য-সচিব** |
| ১৬. | উপসচিব (টিভি-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |

**দায়িত্ব ও কার্যাবলি :**

(ক) আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কি না তাহা মূল্যায়ন;

(খ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ডিস্ট্রিবিউটর এবং সেবাপ্রদানকারী বরাবরে যথাযথভাবে লাইসেন্স ইস্যু করা হচ্ছে কিনা, তাহা সরেজমিনে তদারকিকরণ;

(গ) ডিস্ট্রিবিউটর, সেবাপ্রদানকারী, গ্রাহক, ফিড অপারেটর, কেবল অপারেটর, মাল্টিপল সিস্টেম অপারেটর, ইত্যাদি কর্তৃক আইনের বিভিন্ন ধারায় উল্লেখিত বিধানাবলী যথাযথভাবে অনুরসরণ করা হচ্ছে কিনা, সে সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সংগ্রহণকরণ এবং উক্তরূপ তথ্যের ভিত্তিতে সরকারের নিকট করণীয় বিষয়াদি সম্পর্কে পরামর্শ বা সুপারিশ প্রদান;

(ঘ) সরকার কর্তৃক বিভিন্ন সময়ে অর্পিত দায়িত্ব সম্পাদন;

(ঙ) বিদেশি পে-চ্যানেল ও বিদেশি ফ্রি টু এয়ার চ্যানেল বাংলাদেশে ডাউনলিংকের সংখ্যা নির্ধারণসহ অনুমোদনের লক্ষ্যে সরকারের নিকট সুপারিশ প্রদান;

(চ) ধারা ১৯ এর আলোকে বিদেশি পে-চ্যানেল ও ফ্রি টু এয়ার চ্যানেল নির্বাচন; এবং

(ছ) উপরি-উক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোনো ব্যবস্থা গ্রহণ বা সরকারের নিকট সুপারিশমালা প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ওয়ালুল হক**
সহকারী সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বস্ত্র-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩৩/১৬ জুলাই ২০২৬

নং **২৪.০০.০০০০.১১৬.০৬.০২৭.১৭-১৮৯**—বাংলাদেশ রেশম বোর্ড প্রতিষ্ঠাকল্পে "বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন, ২০১৩" গত ০৭-০৩-২০১৩ তারিখে এবং বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠন আদেশ গত ৩০-০৪-২০১৩ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। এক্ষণে "বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড আইন, ২০১৩"-এর ৬(১) ধারা অনুযায়ী নিম্নরূপভাবে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (ক) | মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | চেয়ারম্যান |
| (খ) | জনাব মোঃ আবু সাইদ চাঁদ, মাননীয় সংসদ সদস্য, ৫৭, রাজশাহী-৬ | - | জ্যেষ্ঠ ভাইস-চেয়ারম্যান |
| (গ) | সিনিয়র সচিব/সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | ভাইস-চেয়ারম্যান |
| (ঘ) | বিভাগীয় কমিশনার, রাজশাহী | - | সদস্য |
| (ঙ) | যুগ্মসচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয় | - | সদস্য |
| (চ) | জনাব আ ফ ম ফজলে রাব্বি, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - | সদস্য |
| (ছ) | যুগ্মসচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয় | - | সদস্য |
| (জ) | জনাব দিলসাদ বেগম, উপসচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা | - | সদস্য-সচিব |
| (ঝ) | মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | - | সদস্য |
| (ঞ) | (১) প্রফেসর ড. সাবিনা সুলতানা, প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় (২) প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর আলম, উদ্ভিদবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় | - | সদস্য |
| (ট) | (১) জনাব মোঃ আসলাম সরকার, রেশম পণ্যের ব্যবসায়ী (২) জনাব মোঃ আশরাফ জামাল, রেশম সুতা উৎপাদনকারী (৩) মোছাঃ সুরাইয়া খাতুন, রেশম পোকা পালনকারী | - | সদস্য |

**শর্তাবলি:**

(১) দফা (ঞ) ও (ট) এর অধীন মনোনীত সদস্যগণ নিয়োগ অথবা ক্ষেত্রমতে, মনোনয়নের তারিখ হতে তিন বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর সদস্যপদ বাতিল করতে পারবে।

(২) মনোনীত কোনো সদস্য চেয়ারম্যানের নিকট লিখিত স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করতে পারবেন। তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত কোন পদত্যাগ কার্যকর হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহাম্মদ মুখলেছুর রহমান**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ শ্রাবণ ১৪৩৩/২০ জুলাই ২০২৬

নং **২৫.০০.০০০০.০০১.১২২.২৭.০০১০.২৬-৩০৫**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ নাজমুল করিম তালুকদার, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত, ডিজাইন বিভাগ-১, ঢাকায় গত ১০-০৯-২০২৩ তারিখে যোগদানের পর হতে জুন ২০২৫ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং কিছুদিন উপস্থিত থেকে পুনরায় গত ২৬-১০-২০২৫ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ নাজমুল করিম তালুকদার, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), ০৪-০৬-২০২৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন। জবাবে জানান যে, গত ১০-০৯-২০২৩ তারিখে যোগদান পরবর্তী সময় হতে জুন/২০২৫ পর্যন্ত সময়কালীন পারিবারিক তত্ত্বাবধানে মানসিক সমস্যার কারণে চিকিৎসাধীন ছিলেন। উক্ত সময়ে কাগজপত্র খুঁজে না পাওয়ায় মৌখিকভাবে পরবর্তীতে জমা দেয়ার করা জানান। শুনানিতে সশরীরে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান এবং প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেন। প্রাপ্ত জবাবের আলোকে গত ১৫-০৭-২০২৬ তারিখে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), তদন্ত কোষ মিজ্ তানজিনা আফরিন জাহান এ বক্তব্য পেশ করেন। উভয় পক্ষের শুনানি ও বিভাগীয় মামলার নথি পর্যালোচনান্তে মানবিক বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সেহেতু, জনাব মোহাম্মদ নাজমুল করিম তালুকদার, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত, ডিজাইন বিভাগ-১, ঢাকা-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে রুজুকৃত ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা হতে মানবিক বিবেচনায় তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ শ্রাবণ ১৪৩৩/২৩ জুলাই ২০২৬

নং **০৫.০০.০০০০.০০০.১৮৪.২৭.০০৭৬.২৫-৪৩**—যেহেতু, জনাব আবু হাসনাত মোহাম্মদ শহিদুল হক, (পরিচিতি নং-১৭২৭৩) সাবেক উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী, সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী হিসেবে অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত থাকাকালে কলাপাড়া উপজেলার ভূমিহীনদের জন্য ২ (দুই) শতাংশ করে সরকারি খাস জমি বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ১৯৫ টি কবুলিয়তের প্রস্তাব সহকারী কমিশনার (ভূমি) হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া বরাবর প্রেরণ করেন এবং উপজেলা নির্বাহী অফিসার হিসেবে উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রেরণ করেন। অতঃপর জেলা প্রশাসক, পটুয়াখালী ১৯৫টি বন্দোবস্ত কবুলেয়তের প্রস্তাব অনুমোদন করেন। জনাব আবু হাসনাত মোহাম্মদ শহিদুল হক বর্ণিত ২(দুই) শতাংশ করে অনুমোদিত ১৯৫ টি বন্দোবস্ত কেসে ৩.৯০ (তিন দশমিক নয় শূন্য) একর জমির কবুলিয়ত গ্রহীতাদের অনুকূলে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে উপজেলা ভূমি অফিস কলাপাড়ার স্মারক (১) নং-৩১.১০.৭৮৬৬.৭১০.১৭৬.০০১.২০-২৬১, তারিখ ২৮-০৩-২০২২ মূলে ২২ টি; (২) নং-৩১.১০.৭৮৬৬. ৭১০.১৭৬.০০১.২০-৩৩৮, তারিখ ২৪-০৪-২০২২ মূলে ১২০ টি; এবং (৩) নং-৩১.১০.৭৮৬৬.৭১০.১৭৬.০০১.২০-৩৬১, তারিখ ০৯-০৫-২০২২ মূলে ৫৩ টি মোট ১৯৫ টি কবুলিয়ত যথাযথভাবে উপস্থাপনের জন্য কলাপাড়া উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার জনাব মোঃ হুমায়ুন কবিরকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদানপূর্বক তার স্বাক্ষর সত্যায়ন করে উপজেলা সাব রেজিস্ট্রার অফিস, খেপুপাড়া (কলাপাড়া) বরাবর প্রেরণ করেন। জনাব মোঃ হুমায়ুন কবির, সার্ভেয়ার নিজ ক্ষমতার অপব্যবহারপূর্বক জাল-জালিয়াতির আশ্রয় গ্রহণ করে অপরাধজনক বিশ্বাস ভঙ্গের মাধ্যমে বিবিধ সরকারী রেকর্ডপত্র সৃজন ও ব্যবহার করে অনুমোদন বহির্ভূতভাবে ২ (দুই) শতাংশের স্থলে ০.০৩/০.১০/১.০০/১.৫/২.০০/৩.০০ একর বসিয়ে জেলা প্রশাসকের অনুমোদন ব্যতিরেকে ৪২টি ভুয়া বন্দোবস্ত কবুলিয়ত তৈরী করে জনাব আবু হাসনাত মোহাম্মদ শহিদুল হক এর নিকট উপস্থাপন করলে তিনি তা যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা না করেই ক্ষমতার অপব্যবহার ও অসদাচরণের মাধ্যমে দায়িত্ব ও কর্তব্যে চরম অবহেলা করে উক্ত ৪২টি ভুয়া কবুলিয়ত স্বাক্ষর করে মোট ৭১.৬৩ একর সরকারি খাস জমি অব্যবস্থাপনার মাধ্যমে সরকারের ক্ষতিসাধন করেন মর্মে প্রাপ্ত রেকর্ডপত্রের আলোকে প্রতীয়মান হয়। উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ০৮-১০-২০২৫ তারিখের ০৫.০০. ০০০০.০০০.১৮৪.২৭.০০৭৬.২৫-১০২ সংখ্যক স্মারকে ১৭/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়।

০২। যেহেতু, উক্ত বিভাগীয় মামলার অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ০৫-১১-২০২৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদনে, "অনুমোদিত সীমার বাইরে অস্বাভাবিক কবুলিয়ত সংখ্যা, জমির পরিমাণে অসামঞ্জস্য এবং নথিপত্রে দৃশ্যমান কাটাছেঁড়ার মতো গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যাচাই ব্যতিরেকে স্বাক্ষর প্রদান তাঁর প্রশাসনিক দায়িত্ব পালনে অবহেলার প্রমাণ বহন করায়" অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত ব্যক্ত করা হয়।

০৪। সেহেতু, জনাব আবু হাসনাত মোহাম্মদ শহিদুল হক, (পরিচিতি নং-১৭২৭৩) সাবেক উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী ও সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী (অতিরিক্ত দায়িত্ব)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকরী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৪(২)(খ) বিধি অনুযায়ী ১ বছরের জন্য 'বেতন বৃদ্ধি স্থগিত' শীর্ষক লঘুদণ্ড প্রদান করা হলো।

তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এহছানুল হক**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৪ শ্রাবণ, ১৪৩৩/২৯ জুলাই, ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০১১.১৭.৪৯৮**—দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এর পরিমেল বিধির ২৫ নং বিধি অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানের পরিচালক পর্ষদে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব জনাব আহসান হাবিব-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০২৪.১৭-৪৯৯**—কর্মসংস্থান ব্যাংক আইন, ১৯৯৮ এর ৯(১)(গ) ধারা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ হানিফ মিয়া-এর পরিবর্তে বাংলাদেশ ব্যাংকের নির্বহী পরিচালক জনাব মোঃ ওবায়েদ উল্যা চৌধুরী-কে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছর অথবা বর্তমান পদে কর্মরত থাকাকালীন মেয়াদ (যেটি পূর্বে হয়) কর্মসংস্থান ব্যাংক-এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফি উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]

### প্রজ্ঞাপন

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪০/২০২৬/কাস্টমস/৪৩১**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কাস্টমস হাউস, মোংলা এর অধিক্ষেত্রভুক্ত মোংলা বন্দরে অবস্থিত মেসার্স ফু-ওয়াং বোলিং এন্ড সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-SS501250001; তারিখ: ০২-০৬-২০২৫ খ্রি.] নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ |
|---|---|---|
| ০১ | টোব্যাকো | ৪০,০০০ |
| ০২ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৪৫,০০০ |
| ০৩ | কসমেটিকস ও টয়লেট্রিজ | ১০,০০০ |
| ০৪ | কনফেকশনারী, ইলেকট্রনিক্স ও শিপস স্টোর সামগ্রী | ৫৫,০০০ |
| **সর্বমোট:** | | **১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) মার্কিন ডলার** |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
## শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩/১৬ জুলাই ২০২৬

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.১৬৪.২৫-২১৬**—যেহেতু, ডা. আশরাফ সিদ্দিকী, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সাতক্ষীরা (শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মকালীন অভিযোগ), বর্তমানে সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী-এর বিরুদ্ধে শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মরত জনাব কহিনুর আক্তার, আয়া, জনাব রবিন রহমান, পরিবার পরিকল্পনা পরিদর্শক এবং জনাব রাবেয়া সুলতানা, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বিভিন্ন অনিয়ম ও যৌন হয়রানির অভিযোগ করেন। তিনি হাসপাতালে আগত রোগী, হাসপাতালের কর্মকর্তা, কর্মচারীদের সাথে খারাপ ব্যবহার করেন। তিনি অপারেশন করতে রোগীদের নিকট হতে টাকা চেয়েছেন এবং বাহির থেকে ঔষধ কিনতে বাধ্য করেন। তিনি প্রতিবন্ধী কর্মচারীসহ সকল কর্মচারীদের বেতন বন্ধ করে রাখেন;

০২। যেহেতু, তার এহেন কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হওয়ায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র অভিযোগে বিভাগীয় মামলা নং-১০২/২৫ রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৩-০৩-২০২৫ তারিখের ৫৯.০০.০০০০.১১৭. ২৭.১৬৪.২৫-৬৮ নং স্মারকে প্রথম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ২৩-০৩-২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

০৫। সেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার দাখিলকৃত জবাব, তদন্ত প্রতিবেদন ও নথিপত্র পর্যালোচনা করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি। সার্বিক বিবেচনায় ডা. আশরাফ সিদ্দিকী, সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নরসিংদী (শহীদ রমিজ উদ্দিন মা ও শিশু কল্যাণ কেন্দ্র, হাজারীবাগ, ঢাকায় কর্মকালীন অভিযোগ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩(খ) এবং ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পানি সরবরাহ-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩/২২ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৮৫.২৮.০২৫.২০২২(অংশ-১)-৪৪২**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী কুমিল্লা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানি ব্যবহারকারীগণের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে জনাব আশিকুর রহমান মাহমুদ, পিতা: হাজী আবদুর রহিম মাহমুদ, মাতা: জাহানারা মাহমুদ, বাড়ী নম্বর: ৪১৬, মুন্সেফ বাড়ী, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোছা: শাকিলা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৭ শ্রাবণ ১৪৩৩/২২ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৭.৯৯.০০১৭.২৫-৫৭৭**—যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম দেওয়ান, সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলাঃ নাটোর এলজিইডি'র সুনামগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত থাকাবস্থায় তার বিরুদ্ধে সুনামগঞ্জ জেলার ধর্মপাশা-জয়শ্রী সড়ক নির্মাণ কাজে অনিয়ম ও দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশন কর্তৃক ধর্মপাশা থানার মামলা নং- ০১ তারিখঃ ০৪-১০-২০১৬ দায়ের করা হয়। উক্ত মামলায় জেল হাজতে থাকায় বিএসআর পার্ট-১ এর ৭৩ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের ED (Reg. VII)S-১২৩/৭৮-১১৫(৫০০) এবং ১৫-০৫-১৯৮১ তারিখের ED (Reg. VI)S-১১৯/৮০-৩৭(৫০০) নম্বর স্মারক মোতাবেত তাঁকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

যেহেতু, গত ২৪-০৩-২০২৫ তারিখে বিভাগীয় স্পেশাল জজ আদালত, সিলেট, জনাব মোঃ শহিদুল ইসলাম দেওয়ান, সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলাঃ নাটোরকে উক্ত মামলা হতে বেকসুর খালাস প্রদান করা হয়। তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নেই।

যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম দেওয়ান, সহকারী প্রকৌশলী (সাময়িক বরখাস্ত), নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলাঃ নাটোর এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারের বিষয়ে আইন ও বিচার বিভাগের মতামত গ্রহণ করা হলে তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার এবং অনুপস্থিতকাল কর্মরত গণ্য করে তাঁর বেতন-ভাতা প্রদানের আদেশ জারি করা যেতে পারে মর্মে মতামত প্রদান করে।

যেহেতু, গত ২৪-০৩-২০২৫ তারিখে বিভাগীয় স্পেশাল জজ আদালত, সিলেট কর্তৃক জনাব মোঃ শহিদুল ইসলাম দেওয়ান, সহকারী প্রকৌশলী (সাময়িক বরখাস্ত), নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, জেলাঃ নাটোরকে উক্ত মামলা হতে বেকসুর খালাস প্রদান করেন এবং তাঁর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা নাই সেহেতু উক্ত প্রকৌশলীকে সরকারি কর্মচারী আইন, ২০১৮-এর ধারা ৩৯(৩) এ অনুযায়ী তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুল হাসান**

যেহেতু, জনাব মোঃ শহিদুল ইসলাম দেওয়ান,

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আইন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪৩৩/২৯ জুলাই ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২৪০**—মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮. ০০১৬.২২.৬০ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে জানুয়ারি ২০০৭ হতে ০৫ আগস্ট ২০২৪ পর্যন্ত সময়কালে রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাসমূহ প্রত্যাহারে সুপারিশ করার লক্ষ্যে জেলা পর্যায়ে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

**(ক) (১) জেলা পর্যায়ের কমিটিঃ**

**সভাপতি**

(i) জেলা ম্যাজিস্ট্রেট

**সদস্যবৃন্দ**

(ii) পুলিশ সুপার (মহানগর এলাকার জন্য পুলিশের একজন ডেপুটি কমিশনার)

(iii) পাবলিক প্রসিকিউটর (মহানগর এলাকার মামলাসমূহের জন্য মহানগর পাবলিক প্রসিকিউটর)

**সদস্য-সচিব**

(iv) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট

**(২) জেলা পর্যায়ের কমিটির কার্যপরিধি ও কর্মপদ্ধতিঃ**

(i) রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য আসামী/আসামীর পিতা/মাতা/স্ত্রী/স্বামী/ভাই/বোন/ছেলে/মেয়ে-কে (সকল আসামীর পক্ষে যেকোনো একজন আবেদন করতে পারবেন) সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট-এর নিকট আবেদনপত্র দাখিল করতে হবে।

(ii) আবেদনের সাথে মামলা সংক্রান্ত যাবতীয় দলিলাদি সংশ্লিষ্ট আইনজীবী কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(iii) আবেদন প্রাপ্তির ৭ কর্মদিবসের মধ্যে জেলা ম্যাজিস্ট্রেট দরখাস্তটি জেলার পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) এর নিকট মতামতের জন্য প্রেরণ করবেন।

(iv) আবেদন প্রাপ্তির ১৫ কর্মদিবসের মধ্যে পাবলিক প্রসিকিউটর (ক্ষেত্র বিশেষে মেট্রোপলিটন পাবলিক প্রসিকিউটর) তাঁর মতামত জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করবেন।

(v) পাবলিক প্রসিকিউটর এর মতামত সংগ্রহপূর্বক জেলা ম্যাজিস্ট্রেট আবেদনটি ৭ কার্যদিবসের মধ্যে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন।

(vi) জেলা কমিটির নিকট যদি প্রতীয়মান হয় যে, মামলাটি রাজনৈতিক বা অন্যকোনো উদ্দেশ্যে হয়রানির জন্য দায়ের করা হয়েছে, তাহলে মামলাটি প্রত্যাহারের জন্য কমিটি সরকারের নিকট সুপারিশ করবে।

(vii) জেলা ম্যাজিস্ট্রেট উক্ত সুপারিশ আবেদন প্রাপ্তির ৪৫ কার্যদিবসের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী তথ্যাদিসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে (ছক সংযুক্ত)।

(খ) এ প্রজ্ঞাপন জারির পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২১ মে ২০২৬ তারিখের ৪৪.০০.০০০০.০৫৫.০৫.০০২.১৬.২০০ নং প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**<u>রাজনৈতিক হয়রানিমূলক হিসেবে বিবেচিত মমলা সংক্রান্ত তথ্য:</u>**

| ক্রমিক | আসামী/আসামীর পিতা/মাতা/স্ত্রী/স্বামী/ভাই/বোন/ছেলে/মেয়ে-কে (সকল আসামীর পক্ষে যে কোনো একজন আবেদন করতে পারবেন) | জেলা/মেট্রো এলাকার নাম | থানার মামলা নম্বর, তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | এজাহার নামীয় চার্জশীটভুক্ত আসামীর সংখ্যা | মামলার বর্তমান অবস্থা ও বিচারাধীন আদালত এর নাম | প্রত্যাহারের জন্য সুপারিশকৃত মামলা/অভিযুক্ত ব্যক্তির নাম | রাজনৈতি হয়রানিমূলক বিবেচনার যৌক্তিকতা | প্রত্যাহার বিষয়ে সরকারি আইনজীবীর মতামত | জেলা কমিটির সুপারিশ | দুদকের মামলা কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬

নং **৪৪.০০.০০০০.০৫৭.২৭.০১৬.২১-২৮৪**—জনাব ফারুক আহমদ, সাবেক ডিআইজি, এনডিসি, পুলিশ অধিদপ্তর, ঢাকায় সংযুক্ত (বর্তমানে চাকরি হতে বরখাস্তকৃত) কর্তৃক বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-২, ঢাকায় দায়েরকৃত এটি-৪৯/২০১৩(পুরাতন), ২০/২০১৮ (নতুন) মামলায় প্রদত্ত গত ০৬-১১-২০২৫ তারিখের রায়/আদেশ অনুযায়ী এ মন্ত্রণালয়ের ০২-০৮-২০১২ তারিখ স্ব:ম:পু-১)/ব্যক্তিগত-১৫/২০১০/৬১৭ নং স্মারকমূলে জারীকৃত তাঁকে 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ডাদেশটি এতদ্বারা বাতিল করা হলো।

০২। তাঁর বরখাস্তকাল কর্তব্যকাল হিসাবে গণ্য হবে এবং তিনি বিধি মোতাবেক পেনশনসহ সকল প্রকার আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১১** শ্রাবণ **১৪৩৩**/২৬ জুলাই ২০২৬

নং **২৫.০০.০০০০.০৫৩.০১৮.০০৬.২৩.২৯১**—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ অনুযায়ী জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের চেয়ারম্যানকে নিজ জমিতে বাস্তবায়নাধীন ও প্রস্তাবিত ফ্ল্যাট বিল্ডিং প্রকল্পের স্থাপত্য নকশা অনুমোদনের জন্য 'অথরাইজড অফিসার'-এর ক্ষমতা নিম্নোক্ত শর্তে অর্পণ করা হলো:

- **কারিগরি যাচাই কমিটি গঠন:** নকশা অনুমোদনের প্রক্রিয়াটিকে অধিকতর সুসংহত ও বস্তুনিষ্ঠ করার লক্ষ্যে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প)-এর নেতৃত্বে গঠিত একটি উচ্চ পর্যায়ের কারিগরি কমিটি প্রতিটি প্রস্তাবিত নকশা বিএনবিসি (BNBC) এবং বিদ্যমান ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী যাচাই-বাছাই নিশ্চিত করবে;
- **ডিজিটাল ডাটাবেস সংরক্ষণ:** অনুমোদিত সকল নকশার তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণের নিমিত্তে ডিজিটাল ডাটাবেস তৈরি ও রক্ষণাবেক্ষণ করবে, যাতে প্রয়োজনে তা মনিটরিং বা অডিট করা যায়;
- **জবাবদিহিতা ও দায়বদ্ধতা:** নকশা অনুমোদনের ক্ষেত্রে কোনো প্রকার অনিয়ম, বিচ্যুতি বা ত্রুটি পরিলক্ষিত হলে তার সম্পূর্ণ প্রশাসনিক ও আইনি দায়ভার সংশ্লিষ্ট 'অথরাইজড অফিসার' বা গঠিত কমিটির ওপর বর্তাবে।

০২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: আবদুল হাই**
সহকারী সচিব।

---

**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ শ্রাবণ **১৪৩৩**/২২ জুলাই ২০২৬

নং **২৫.০০.০০০০.১২৩.৯৯.০০২.১৬-৪৭৬**—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ২(ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিম্নোক্ত দুইজন কর্মকর্তাকে অথরাইজড অফিসার হিসেবে দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করা হলো:

| **ক্রমিক** | **কর্মকর্তার নাম, পদবি এবং কর্মস্থল** | **প্রদানকৃত ক্ষমতা** |
|---|---|---|
| ০১। | জনাব পলাশ সিকদার<br>অথরাইজড অফিসার<br>রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | অথরাইজড অফিসার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা |
| ০২। | জনাব মো: শাহরিয়ার সিদ্দিকী<br>অথরাইজড অফিসার<br>রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা | |

**শর্তাবলি:**

(ক) উপরের ছকে বর্ণিত কর্মকর্তাগণকে আগামী ০১ (এক) বছরের জন্য ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ধারা ২(ক) অনুযায়ী 'অথরাইজড অফিসার' বা 'কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা' এর ক্ষমতা অর্পণ করা হলো। উপ-অনুচ্ছেদ (খ) এ বর্ণিত মূল্যায়ন প্রতিবেদন ও রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সুপারিশসহ প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নিয়ে ক্ষমতা অর্পণের মেয়াদকাল নবায়ন বা বৃদ্ধি করা হবে;

(খ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ একটি উচ্চ পর্যায়ের কমিটি দ্বারা প্রতি ০৬ (ছয়) মাস পর পর তাঁদের সততা, দক্ষতা, কাজের পরিমাণ, গুণগত মান এবং নাগরিকদের প্রতি সেবার মানসিকতা বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন তৈরী করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছা: লুৎফুন নাহার নাজীম**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩/২৮ জুলাই ২০২৬

**বিষয়ঃ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার ২১ নং বাবুটিপাড়া (সাবেক দক্ষিণ পাহাড়পুর) ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির কর্তৃক প্রেরিত গত ০৮-০৬-২০২৬ খ্রি. তারিখের পুনঃতদন্তের আবেদন না-মঞ্জুর এবং তাঁর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১৫.২০১২-১১৬**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির এর বিরুদ্ধে আনীত লাইসেন্স গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট অধিক্ষেত্রের বাসিন্দা না হওয়ার অভিযোগসহ দালিলিক সাক্ষ্য দ্বারা স্বীকৃতমতে বয়স সম্পর্কিত যোগ্যতা না থাকা সত্ত্বেও তথ্যের মিথ্যা বর্ণনা দিয়ে লাইসেন্স সংগ্রহ করায় এবং কনে সানজিদা আক্তার ও মোসাঃ কামরুন নাহার-দ্বয়ের বিবাহ দুটি নিবন্ধনের ক্ষেত্রে অভিভাবক কর্তৃক সরবরাহকৃত জন্ম নিবন্ধন সনদ দুটির সঠিকতা সরকারি অনলাইন ডাটাবেজে যাচাইপূর্বক পরীক্ষা না করে ও তাঁদের বিবাহের আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত না হয়ে যান্ত্রিকভাবে বাল্যবিবাহ নিবন্ধন করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর যথাক্রমে বিধি ৮(গ) ও (খ) এবং বিধি ২৩ক(১) এর লঙ্ঘন তথা একই বিধিমালার বিধি **১১** অনুযায়ী গুরুতর অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে তাঁর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ০৭-১০-১৯৯৮ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৭২/৭৭-৫৮৬ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক **১২০** (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোনো অধিক্ষেত্রের নিকাহ

রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ্ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহির এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

এছাড়াও নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোহাম্মদ আব্দুজ জাহিরের গত ০৮-০৬-২০২৬ খ্রি. তারিখের পুনঃতদন্তের আবেদন মঞ্জুর করার মতো গ্রহণযোগ্য কোনো কারণ না থাকায় এবং জেলা রেজিস্ট্রার, কুমিল্লা এর তদন্ত প্রতিবেদনে আইনগত কোনো ত্রুটি-বিচ্যুতি না থাকায় পুনঃতদন্তের আবেদনটি না-**মঞ্জুর** করা হলো। বিষয়টি রিট পিটিশন নং- ৭৮৫০/২০২৬ মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট বেঞ্চকে অবহিত করার জন্য সলিসিটর অনুবিভাগে পত্র প্রেরণ করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩/২৩ জুলাই ২০২৬

নং **২৬.০০.০০০০.১০৩.০৬.০০২.১৬-১০৮**—বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিল আইন ২০১৬-এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাণিজ্য মন্ত্রণালয়ের ১৫ জুলাই ২০২৪ তারিখের ২৬.০০.০০০০.১০৩. ০৬.০০২.১৬.১৭৩ নং প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ চা শ্রমিক কল্যাণ তহবিলের পরিচালনা বোর্ড নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

**চেয়ারম্যান**

১) চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড

**সদস্যবৃন্দ**

২) জনাব এম ওয়াহিদুল হক, সদস্য, বাংলাদেশীয় চা সংসদ

৩) জনাব তাহসিন আহমেদ চৌধুরী, সদস্য, বাংলাদেশীয় চা সংসদ

৪) জনাব পংকজ এ কন্দ, সহ-সভাপতি, বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন

৫) জনাব নৃপেন পাল, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়ন

৬) উপপরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গাল, মৌলভীবাজার

৭) পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গাল, মৌলভীবাজার

৮) সচিব, বাংলাদেশ চা বোর্ড

০২। ক্রমিক নং ২-৫ এ উল্লিখিত সদস্যবর্গ ১৫ জুলাই ২০২৪ তারিখে গঠিত বোর্ডের মেয়াদকাল পর্যন্ত স্বীয় পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ রাজ্জাকুল ইসলাম**
উপসচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০২৩.২৬-১৮১**—যেহেতু, জনাব মোঃ সেতারুজ্জামান, তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), শিশু উন্নয়ন কেন্দ্র (বালিকা), কোনাবাড়ী, গাজীপুর এর বিরুদ্ধে ০৮-১২-২০২৫ তারিখে পরিচালক (যুগ্মসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা কর্তৃক সরকারি চাকুরির শৃঙ্খলা পরিপন্থি, অসদাচরণ এবং ফৌজদারি অপরাধের লিখিত অভিযোগ আনয়ন করা হয়;

০২। যেহেতু, অভিযোগের বিষয়ে তাঁর বিরুদ্ধে ০১/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রদান করা হয় (স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২০.২৭.০২৩.২৬-৮৬, তারিখ: ২৬ এপ্রিল ২০২৬)। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তিনি জবাব দাখিলকরতঃ ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ০১ জুলাই ২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৩। যেহেতু, মামলাটি নিষ্পত্তির স্বার্থে নিবাসী কাশপিয়া এর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। নিবাসী কাশপিয়া ব্যক্তিগত শুনানিতে উল্লেখ করেন তাকে এবরশনের কোনো ঔষধ দেয়া হয়নি এবং দেয়ার চেষ্টা ও করেননি তার সাথে তত্ত্বাবধায়ক ভালো ব্যবহার করেছিলেন। কিন্তু অন্য মেয়েদের তিনি বলতে শুনেছিলেন, "তত্ত্বাবধায়ক মেয়েদের সাথে বাজে বাজে কথা বলে"। কাশপিয়ার দেয়া বক্তব্য অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত হয়নি।

০৪। যেহেতু, অভিযোগকারী মিজ ছিয়ামনিকে (নার্স আউট সোসিং) শুনানির জন্য পত্র প্রেরণ করা হয় কিন্তু সে হাজির হয়নি। অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন শাখা হতে মিজ ছিয়ামনিকে মোবাইলে ফোন করা হয়। কিন্তু তিনি ফোন রিসিভ করেননি। এতে তাঁর অভিযোগের সত্যতা নিয়ে সন্দেহ সৃষ্টি হয়েছে। তিনি বর্তমানে শিশু উন্নয়ন কেন্দ্র (বালিকা), কোনাবাড়ী, গাজীপুরে চাকরি করেন না। অভিযুক্তের বক্তব্য এবং অভিযোগকারী কাশপিয়া এর বক্তব্য পর্যালোচনায় এবং মিজ ছিয়ামনির শুনানিতে অনুপস্থিতিতে জনাব মোঃ সেতারুজ্জামান, তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), শিশু উন্নয়ন কেন্দ্র (বালিকা), কোনাবাড়ী, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

০৫। সেহেতু, জনাব মোঃ সেতারুজ্জামান, তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), শিশু উন্নয়ন কেন্দ্র (বালিকা), কোনাবাড়ী, গাজীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) বিধি অনুসারে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো এবং সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। সাময়িক বরখাস্তকালীন বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

প্রজ্ঞাপন স্বাক্ষর করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবু ইউছুফ**
সচিব।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩/২৯ জুলাই ২০২৬

নং **১১.০০.০০০০.০০০.৮০৩.১২.০০০১.২৬.৬১৩**—সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০২১ সালের অক্টোবর পর্যন্ত সংশোধিত) এর ৫(১)(খ) বিধি অনুযায়ী পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মাননীয় স্পীকার নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের **'বাছাই কমিটি'** পুনর্গঠন করেছেন:

**সভাপতি**

১. সিনিয়র সচিব/সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

**সদস্যবৃন্দ**

২. অনুবিভাগ প্রধান (এএস), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৩. অনুবিভাগ প্রধান (এফএন্ডপিআর), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

৫. অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

৬. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়)

**সদস্য-সচিব**

৭. অনুবিভাগ প্রধান (মানব সম্পদ), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

০২। **কমিটির কর্মপরিধি:**

(ক) এই কমিটি উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও উহাদের সম পদমর্যাদাসম্পন্ন পদসমূহে পদোন্নতির বিষয়ে সুপারিশ প্রদান করবে; এবং

(খ) উপসচিব, সিনিয়র সহকারী সচিব, সহকারী সচিব ও উহাদের সম পদমর্যাদাসম্পন্ন পদসমূহে নিয়োজিত কর্মকর্তাগণের উচ্চতর গ্রেড প্রদান ও অন্যান্য বিষয়ে সুপারিশ প্রদান করবে।

০৩। সংশ্লিষ্ট অধিশাখা ও মানব সম্পদ শাখা-১ বাছাই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৪। বাছাই কমিটি গঠন সংক্রান্ত গত ০২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৬ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের ১১.০০.০০০০.০০০.৮০৩.০৬.০০০২.২৬.৪৯২ নং প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হলো।

০৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্পীকারের আদেশক্রমে

**ফাতিমা আজরিন তন্বী**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩/২৩ জুলাই ২০২৬

নং **৩৭.০০.০০০০.০৭৬.২৫.০০৩.২২.১৫৬**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১৩(১) ধারা অনুযায়ী ড. মোহাম্মদ ফারুক হাসান, অধ্যাপক, কৃষি সম্প্রসারণ বিভাগ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-কে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) কোষাধ্যক্ষ পদে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর অথবা অবসর গ্রহণের তারিখ-এর মধ্যে যা পূর্বে ঘটে সেই সময় পর্যন্ত হবে;

(খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৭-১২-২০২০ তারিখে জারীকৃত ২৬৭ নম্বর প্রজ্ঞাপন অনুসারে তিনি মাসিক সম্মানি প্রাপ্য হবেন।

(গ) তিনি বিধি অনুযায়ী গণসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন; এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;

(ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা ও দায়িত্ব পালন করবেন; এবং

(ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: শাহ আলম সিরাজ**
সহকারী সচিব।

---

**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩/১৫ জুলাই ২০২৬

নং **৪৫.০০.০০০০.০০০.১৬০.৯৭.০০০৩.২৬-৭৩৯**—সরকার কর্তৃক দেশের ৪১৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ১০১ শয্যায় উন্নীতকরণ এবং ১৩টি উপজেলায় নতুন ১০১ শয্যাবিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো (উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের তালিকা: সংযোজনী-ক)।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী শরীফ উদ্দিন আহমেদ**
উপসচিব।

সংযোজনী-ক

**উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের তালিকা (১০১ শয্যায় উন্নীতকরণ)**

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ১ | ঢাকা | ধামরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২ | ঢাকা | দোহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩ | ঢাকা | কেরানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪ | ঢাকা | নবাবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫ | ঢাকা | সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬ | ফরিদপুর | আলফাডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭ | ফরিদপুর | ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮ | ফরিদপুর | বোয়ালমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯ | ফরিদপুর | চরভদ্রাশন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০ | ফরিদপুর | মধুখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১ | ফরিদপুর | নগরকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২ | ফরিদপুর | সদরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩ | ফরিদপুর | সালথা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪ | গাজীপুর | কালিয়াকৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫ | গাজীপুর | কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬ | গাজীপুর | কাপাসিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭ | গাজীপুর | শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮ | জামালপুর | বকশীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯ | জামালপুর | দেওয়ানগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০ | জামালপুর | ইসলামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১ | জামালপুর | মেলান্দহ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২ | জামালপুর | সরিষাবাড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সরিষাবাড়ি, জামালপুর। |
| ২৩ | কিশোরগঞ্জ | অষ্টগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪ | কিশোরগঞ্জ | বাজিতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫ | কিশোরগঞ্জ | ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬ | কিশোরগঞ্জ | হোসেনপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭ | কিশোরগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইটনা, কিশোরগঞ্জ। |
| ২৮ | কিশোরগঞ্জ | করিমগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯ | কিশোরগঞ্জ | কটিয়াদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০ | কিশোরগঞ্জ | কুলিয়ারচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১ | কিশোরগঞ্জ | মিঠামইন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২ | কিশোরগঞ্জ | নিকলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩ | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪ | কিশোরগঞ্জ | তাড়াইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫ | মাদারীপুর | কালকিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬ | মাদারীপুর | রাজৈর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭ | মাদারীপুর | শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮ | মানিকগঞ্জ | দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯ | মানিকগঞ্জ | ঘিওর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০ | মানিকগঞ্জ | হরিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১ | মানিকগঞ্জ | সাটুরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪২ | মানিকগঞ্জ | শিবালয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৩ | মানিকগঞ্জ | সিংগাইর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৪ | মুন্সীগঞ্জ | গজারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৫ | মুন্সীগঞ্জ | লৌহজং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৬ | মুন্সীগঞ্জ | সিরাজদিখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজদিখান, মুন্সীগঞ্জ। |
| ৪৭ | মুন্সীগঞ্জ | শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৮ | মুন্সীগঞ্জ | টুংগীবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪৯ | ময়মনসিংহ | ভালুকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫০ | ময়মনসিংহ | ধোবাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫১ | ময়মনসিংহ | ফুলবাড়ীয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫২ | ময়মনসিংহ | ফুলপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫৩ | ময়মনসিংহ | গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫৪ | ময়মনসিংহ | গৌরীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫৫ | ময়মনসিংহ | হালুয়াঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫৬ | ময়মনসিংহ | ঈশ্বরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৫৭ | ময়মনসিংহ | মুক্তাগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ময়মনসিংহ। |
| ৫৮ | ময়মনসিংহ | নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ। |
| ৫৯ | ময়মনসিংহ | ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬০ | ময়মনসিংহ | তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬১ | নারায়ণগঞ্জ | আড়াইহাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬২ | নারায়ণগঞ্জ | বন্দর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৩ | নারায়ণগঞ্জ | রুপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৪ | নারায়ণগঞ্জ | সোনারগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৫ | নরসিংদী | বেলাব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৬ | নরসিংদী | মনোহরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৭ | নরসিংদী | পলাশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৮ | নরসিংদী | রায়পুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৬৯ | নরসিংদী | শিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ৭০ | নেত্রকোণা | আটপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭১ | নেত্রকোণা | বারহাট্টা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭২ | নেত্রকোণা | কলমাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ৭৩ | নেত্রকোণা | কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৪ | নেত্রকোণা | খালিয়াজুরী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৫ | নেত্রকোণা | মদন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৬ | নেত্রকোণা | পূর্বধলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৭ | নেত্রকোণা | দুর্গাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৮ | রাজবাড়ী | বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৭৯ | রাজবাড়ী | গোয়ালন্দ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮০ | রাজবাড়ী | কালুখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮১ | রাজবাড়ী | পাংশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮২ | শরীয়তপুর | ভেদরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৩ | শরীয়তপুর | ডামুড্যা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৪ | শরীয়তপুর | গোসাইরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৫ | শরীয়তপুর | নড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৬ | শরীয়তপুর | জাজিরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৭ | শেরপুর | ঝিনাইগাতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৮ | শেরপুর | নকলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৮৯ | শেরপুর | নালিতাবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯০ | শেরপুর | শ্রীবর্দী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯১ | টাঙ্গাইল | বাসাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯২ | টাঙ্গাইল | ভূঞাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৩ | টাঙ্গাইল | দেলদুয়ার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৪ | টাঙ্গাইল | ধনবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৫ | টাঙ্গাইল | ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৬ | টাঙ্গাইল | গোপালপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৭ | টাঙ্গাইল | কালিহাতী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৮ | টাঙ্গাইল | মির্জাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯৯ | টাঙ্গাইল | নাগরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০০ | টাঙ্গাইল | সখীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০১ | বান্দরবান | আলীকদম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০২ | বান্দরবান | লামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৩ | বান্দরবান | নাইক্ষ্যংছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৪ | বান্দরবান | রোয়াংছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৫ | বান্দরবান | রুমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৬ | বান্দরবান | থানচি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ১০৭ | ব্রাহ্মণবাড়িয়া | আখাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৮ | ব্রাহ্মণবাড়িয়া | আশুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০৯ | ব্রাহ্মণবাড়িয়া | বাঞ্ছারামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১০ | ব্রাহ্মণবাড়িয়া | কসবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১১ | ব্রাহ্মণবাড়িয়া | নবীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ১১২ | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১৩ | ব্রাহ্মণবাড়িয়া | সরাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১৪ | ব্রাহ্মণবাড়িয়া | বিজয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১৫ | চাঁদপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর। |
| ১১৬ | চাঁদপুর | হাইমচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১৭ | চাঁদপুর | হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১১৮ | চাঁদপুর | কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কচুয়া, চাঁদপুর। |
| ১১৯ | চাঁদপুর | মতলব (দঃ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২০ | চাঁদপুর | মতলব (উত্তর) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২১ | চাঁদপুর | শাহ্‌রাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২২ | চট্টগ্রাম | আনোয়ারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৩ | চট্টগ্রাম | বাঁশখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৪ | চট্টগ্রাম | বোয়ালখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৫ | চট্টগ্রাম | চন্দনাইশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৬ | চট্টগ্রাম | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফটিকছড়ি। |
| ১২৭ | চট্টগ্রাম | হাটহাজারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৮ | চট্টগ্রাম | লোহাগাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১২৯ | চট্টগ্রাম | মীরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩০ | চট্টগ্রাম | পটিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩১ | চট্টগ্রাম | রাঙ্গুনিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩২ | চট্টগ্রাম | রাউজান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৩ | চট্টগ্রাম | সন্দ্বীপ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৪ | চট্টগ্রাম | সাতকানিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৫ | চট্টগ্রাম | সীতাকুন্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৬ | কুমিল্লা | বরুড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৭ | কুমিল্লা | ব্রাহ্মণপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৩৮ | কুমিল্লা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বুড়িচং, কুমিল্লা |
| ১৩৯ | কুমিল্লা | চৌদ্দগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪০ | কুমিল্লা | চান্দিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪১ | কুমিল্লা | কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুমিল্লা |
| ১৪২ | কুমিল্লা | দাউদকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ১৪৩ | কুমিল্লা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবিদ্বার। |
| ১৪৪ | কুমিল্লা | হোমনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪৫ | কুমিল্লা | লাকসাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ১৪৬ | কুমিল্লা | মেঘনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪৭ | কুমিল্লা | মনোহরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪৮ | কুমিল্লা | মুরাদনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৪৯ | কুমিল্লা | তিতাস উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫০ | কুমিল্লা | নাঙ্গলকোট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫১ | কক্সবাজার | কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫২ | কক্সবাজার | মহেশখালী উপজেলা-বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৩ | কক্সবাজার | পেকুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৪ | কক্সবাজার | রামু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৫ | কক্সবাজার | টেকনাফ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৬ | কক্সবাজার | উখিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৭ | ফেনী | ছাগলনাইয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৮ | ফেনী | দাগনভূঞা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৫৯ | ফেনী | ফুলগাজী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬০ | ফেনী | পরশুরাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬১ | ফেনী | সোনাগাজী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬২ | খাগড়াছড়ি | দীঘিনালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৩ | খাগড়াছড়ি | লক্ষীছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৪ | খাগড়াছড়ি | মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৫ | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা উপজিলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৬ | খাগড়াছড়ি | মহালছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৭ | খাগড়াছড়ি | পানছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৮ | খাগড়াছড়ি | রামগড় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৬৯ | লক্ষ্মীপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কমলনগর। |
| ১৭০ | লক্ষ্মীপুর | রায়পুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭১ | লক্ষ্মীপুর | রামগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭২ | লক্ষ্মীপুর | রামগতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭৩ | নোয়াখালী | বেগমগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭৪ | নোয়াখালী | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চাটখিল। |
| ১৭৫ | নোয়াখালী | কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭৬ | নোয়াখালী | হাতিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭৭ | নোয়াখালী | কবিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কবিরহাট |
| ১৭৮ | নোয়াখালী | সেনবাগ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৭৯ | নোয়াখালী | সোনাইমুড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ১৮০ | নোয়াখালী | সুবর্ণচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮১ | রাঙ্গামাটি | বাঘাইছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮২ | রাঙ্গামাটি | বরকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৩ | রাঙ্গামাটি | বিলাইছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৪ | রাঙ্গামাটি | জুরাছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৫ | রাঙ্গামাটি | কাপ্তাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৬ | রাঙ্গামাটি | কাউখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৭ | রাঙ্গামাটি | লংগদু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৮ | রাঙ্গামাটি | নানিয়ারচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৮৯ | রাঙ্গামাটি | রাজস্থলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯০ | বগুড়া | আদমদীঘি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯১ | বগুড়া | ধুনট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯২ | বগুড়া | দুপচাঁচিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৩ | বগুড়া | গাবতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৪ | বগুড়া | কাহালু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৫ | বগুড়া | নন্দীগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৬ | বগুড়া | সারিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৭ | বগুড়া | শাজাহানপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৮ | বগুড়া | শেরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১৯৯ | বগুড়া | শিবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০০ | বগুড়া | সোনাতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০১ | চাঁপাইনবাবগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভোলাহাট |
| ২০২ | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৩ | চাঁপাইনবাবগঞ্জ | নাচোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৪ | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৫ | দিনাজপুর | বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৬ | দিনাজপুর | বীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৭ | দিনাজপুর | বিরল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৮ | দিনাজপুর | বোঁচাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২০৯ | দিনাজপুর | চিরিরবন্দর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১০ | দিনাজপুর | ফুলবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১১ | দিনাজপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঘোড়াঘাট, দিনাজপুর। |
| ২১২ | দিনাজপুর | হাকিমপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৩ | দিনাজপুর | কাহারোল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৪ | দিনাজপুর | খানসামা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৫ | দিনাজপুর | পার্বতীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৬ | দিনাজপুর | নবাবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ২১৭ | গাইবান্ধা | ফুলছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৮ | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২১৯ | গাইবান্ধা | পলাশবাড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২০ | গাইবান্ধা | সাদুল্লাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২১ | গাইবান্ধা | সাঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২২ | গাইবান্ধা | সুন্দরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২৩ | জয়পুরহাট | আক্কেলপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২৪ | জয়পুরহাট | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালাই, জয়পুরহাট। |
| ২২৫ | জয়পুরহাট | ক্ষেতলাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২৬ | জয়পুরহাট | পাঁচবিবি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ২২৭ | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২৮ | কুড়িগ্রাম | চিলমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২২৯ | কুড়িগ্রাম | নাগেশ্বরী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩০ | কুড়িগ্রাম | রাজারহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩১ | কুড়িগ্রাম | রাজিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩২ | কুড়িগ্রাম | রৌমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৩ | কুড়িগ্রাম | উলিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৪ | কুড়িগ্রাম | ফুলবাড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৫ | লালমনিরহাট | আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৬ | লালমনিরহাট | হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৭ | লালমনিরহাট | পাটগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৮ | লালমনিরহাট | কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৩৯ | নওগাঁ | আত্রাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪০ | নওগাঁ | বদলগাছী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪১ | নওগাঁ | ধামইরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪২ | নওগাঁ | মান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৩ | নওগাঁ | মহাদেবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৪ | নওগাঁ | নিয়ামতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৫ | নওগাঁ | পত্নীতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৬ | নওগাঁ | পোরশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৭ | নওগাঁ | রানীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৮ | নওগাঁ | সাপাহার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৪৯ | নাটোর | বাগাতিপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫০ | নাটোর | বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫১ | নাটোর | গুরুদাসপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫২ | নাটোর | লালপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫৩ | নাটোর | সিংড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ২৫৪ | নাটোর | নলডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাটোর। |
| ২৫৫ | নীলফামারী | ডিমলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫৬ | নীলফামারী | ডোমার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫৭ | নীলফামারী | জলঢাকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ২৫৮ | নীলফামারী | কিশোরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৫৯ | নীলফামারী | সৈয়দপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬০ | পাবনা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আটঘরিয়া, পাবনা। |
| ২৬১ | পাবনা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভাঙ্গুড়া। |
| ২৬২ | পাবনা | বেড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৩ | পাবনা | চাটমোহর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৪ | পাবনা | ফরিদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৫ | পাবনা | ঈশ্বরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৬ | পাবনা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাঁথিয়া, পাবনা |
| ২৬৭ | পাবনা | সুজানগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৮ | পঞ্চগড় | আটোয়ারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৬৯ | পঞ্চগড় | বোদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পঞ্চগড়। |
| ২৭০ | পঞ্চগড় | দেবীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭১ | পঞ্চগড় | তেঁতুলিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭২ | রাজশাহী | বাগমারা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৩ | রাজশাহী | বাঘা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৪ | রাজশাহী | চারঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৫ | রাজশাহী | গোদাগাড়ী (প্রেমতলী) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৬ | রাজশাহী | মোহনপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৭ | রাজশাহী | পবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৮ | রাজশাহী | পুঠিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৭৯ | রাজশাহী | তানোর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮০ | রাজশাহী | দুর্গাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮১ | রংপুর | বদরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮২ | রংপুর | গংগাচড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৩ | রংপুর | কাউনিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৪ | রংপুর | মিঠাপুকুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৫ | রংপুর | পীরগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৬ | রংপুর | পীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৭ | রংপুর | তারাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৮ | সিরাজগঞ্জ | বেলকুচি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৮৯ | সিরাজগঞ্জ | চৌহালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ২৯০ | সিরাজগঞ্জ | কামারখন্দ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯১ | সিরাজগঞ্জ | কাজিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯২ | সিরাজগঞ্জ | রায়গঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৩ | সিরাজগঞ্জ | শাহজাদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৪ | সিরাজগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াশ, সিরাজগঞ্জ। |
| ২৯৫ | সিরাজগঞ্জ | উল্লাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৬ | ঠাকুরগাঁও | বালিয়াডাঙ্গী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৭ | ঠাকুরগাঁও | হরিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৮ | ঠাকুরগাঁও | রানীসংকৈল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২৯৯ | ঠাকুরগাঁও | পীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০০ | বাগেরহাট | চিতলমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০১ | বাগেরহাট | ফকিরহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০২ | বাগেরহাট | মোল্লাহাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০৩ | বাগেরহাট | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোংলা, বাগেরহাট। |
| ৩০৪ | বাগেরহাট | মোরেলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০৫ | বাগেরহাট | রামপাল উপজেলা হেলথ কমপ্লেক্স |
| ৩০৬ | বাগেরহাট | শরণখোলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০৭ | বাগেরহাট | কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০৮ | চুয়াডাঙ্গা | আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩০৯ | চুয়াডাঙ্গা | দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১০ | চুয়াডাঙ্গা | জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১১ | যশোর | অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১২ | যশোর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাঘারপাড়া। |
| ৩১৩ | যশোর | চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১৪ | যশোর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঝিকরগাছা, যশোর। |
| ৩১৫ | যশোর | কেশবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১৬ | যশোর | মনিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১৭ | যশোর | শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১৮ | ঝিনাইদহ | হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩১৯ | ঝিনাইদহ | কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২০ | ঝিনাইদহ | মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২১ | ঝিনাইদহ | শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২২ | ঝিনাইদহ | কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৩ | খুলনা | বটিয়াঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৪ | খুলনা | দাকোপ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৫ | খুলনা | দিঘলিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৬ | খুলনা | ডুমুরিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ৩২৭ | খুলনা | ফুলতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৮ | খুলনা | কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩২৯ | খুলনা | পাইকগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩০ | খুলনা | রূপসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩১ | খুলনা | তেরখাদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩২ | কুষ্টিয়া | ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া |
| ৩৩৩ | কুষ্টিয়া | খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৪ | কুষ্টিয়া | কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৫ | কুষ্টিয়া | মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৬ | কুষ্টিয়া | দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৭ | মাগুরা | শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৮ | মাগুরা | মহম্মদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৩৯ | মাগুরা | শালিখা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪০ | মেহেরপুর | গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪১ | মেহেরপুর | মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪২ | নড়াইল | লোহাগড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৩ | নড়াইল | কালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৪ | সাতক্ষীরা | কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৫ | সাতক্ষীরা | আশাশুনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৬ | সাতক্ষীরা | দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৭ | সাতক্ষীরা | কলারোয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৮ | সাতক্ষীরা | শ্যামনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৪৯ | সাতক্ষীরা | তালা উপেজলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫০ | বরগুনা | আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫১ | বরগুনা | বামনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫২ | বরগুনা | বেতাগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৩ | বরগুনা | পাথরঘাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৪ | বরগুনা | তালতলি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৫ | বরিশাল | আগৈলঝাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৬ | বরিশাল | বাবুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৭ | বরিশাল | বাকেরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৮ | বরিশাল | বানারীপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৫৯ | বরিশাল | গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ৩৬০ | বরিশাল | হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬১ | বরিশাল | মেহেন্দিগঞ্জ উপজেলা হেলথ কমপ্লেক্স |
| ৩৬২ | বরিশাল | মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৩ | বরিশাল | উজিরপুর উপাজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ৩৬৪ | ভোলা | বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৫ | ভোলা | দৌলতখান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৬ | ভোলা | লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৭ | ভোলা | মনপুরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৮ | ভোলা | তজুমদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৬৯ | ঝালকাঠি | কাঁঠালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭০ | ঝালকাঠি | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নলছিটি, ঝালকাঠী। |
| ৩৭১ | ঝালকাঠি | রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭২ | পটুয়াখালী | বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭৩ | পটুয়াখালী | দশমিনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭৪ | পটুয়াখালী | দুমকী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুমকী, পটুয়াখালী। |
| ৩৭৫ | পটুয়াখালী | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গলাচিপা |
| ৩৭৬ | পটুয়াখালী | কলাপাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭৭ | পটুয়াখালী | মির্জাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭৮ | পিরোজপুর | ভান্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৭৯ | পিরোজপুর | কাউখালী উপজেলা হেলথ কমপ্লেক্স |
| ৩৮০ | পিরোজপুর | মঠবাড়িয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮১ | পিরোজপুর | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাজিরপুর, পিরোজপুর। |
| ৩৮২ | পিরোজপুর | নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৩ | পিরোজপুর | ইন্দুরকানী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৪ | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৫ | হবিগঞ্জ | বাহুবল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৬ | হবিগঞ্জ | বানিয়াচং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৭ | হবিগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চুনারুঘাট। |
| ৩৮৮ | হবিগঞ্জ | লাখাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৮৯ | হবিগঞ্জ | মাধবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ৩৯০ | হবিগঞ্জ | ৫০ শয্যাবিশিষ্ট নবীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯১ | মৌলভীবাজার | বড়লেখা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯২ | মৌলভীবাজার | জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯৩ | মৌলভীবাজার | কমলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯৪ | মৌলভীবাজার | কুলাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে |
| ৩৯৫ | মৌলভীবাজার | রাজনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯৬ | মৌলভীবাজার | শ্রীমঙ্গল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯৭ | সুনামগঞ্জ | বিশ্বম্ভরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৩৯৮ | সুনামগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ছাতক, সুনামগঞ্জ। |
| ৩৯৯ | সুনামগঞ্জ | শান্তিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০০ | সুনামগঞ্জ | দিরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০১ | সুনামগঞ্জ | ধর্মপাশা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০২ | সুনামগঞ্জ | দোয়ারাবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৩ | সুনামগঞ্জ | জগন্নাথপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৪ | সুনামগঞ্জ | জামালগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৫ | সুনামগঞ্জ | শাল্লা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৬ | সুনামগঞ্জ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহেরপুর। |
| ৪০৭ | সিলেট | বালাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৮ | সিলেট | বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪০৯ | সিলেট | বিশ্বনাথ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১০ | সিলেট | ফেঞ্চুগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১১ | সিলেট | গোলাপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১২ | সিলেট | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গোয়াইনঘাট |
| ৪১৩ | সিলেট | জৈন্তাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১৪ | সিলেট | কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১৫ | সিলেট | জকিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১৬ | সিলেট | কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১৭ | সিলেট | দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৪১৮ | সিলেট | ওসমানীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |

**উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের তালিকা (১০১ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্স স্থাপন)**

| ক্রমিক নং | জেলা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নাম |
|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | মধ্যনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুনামগঞ্জ |
| ২ | কক্সবাজার | ঈদগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কক্সবাজার |
| ৩ | কক্সবাজার | মাতামুহুরি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কক্সবাজার |
| ৪ | মাদারীপুর | ডাসার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মাদারীপুর |
| ৫ | খাগড়াছড়ি | গুইমারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, খাগড়াছড়ি |
| ৬ | হবিগঞ্জ | শায়েস্তাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শায়েস্তগঞ্জ, হবিগঞ্জ |
| ৭ | কুমিল্লা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লালমাই, কুমিল্লা |
| ৮ | পটুয়াখালী | রাঙ্গাবালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ৯ | চট্টগ্রাম | কর্নফুলি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ১০ | ঠাকুরগাঁও | ভুল্লী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঠাকুরগাঁও। |
| ১১ | ঠাকুরগাঁও | রুহিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ঠাকুরগাঁও। |
| ১২ | বগুড়া | মোকামতলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বগুড়া। |
| ১৩ | লক্ষ্মীপুর | চন্দ্রগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, লক্ষ্মীপুর |

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগ

## বিচার শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩/০২ আগস্ট ২০২৬

**নং ১০.০০.০০০০.১৩০.২৭.০১৬.২৫-৩৪১**—যেহেতু, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, গোপালগঞ্জ-এর গত ৩০-১১-২০২৫ খ্রি. তারিখের স্মারক নং ১০.০৫.০০০০.০০১.১৮.০৩.২৫-৬৮৪ মূলে প্রেরিত পত্রের মাধ্যমে জনাব আবুল হোসেন, সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ (বর্তমানে জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ-এর কার্যালয়ে যোগদানকৃত)-এর বিরুদ্ধে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর সাব-রেজিস্ট্রি অফিসে কর্মকালীন সময়ে দায়িত্বে চরম অবহেলা, উদাসীনতা, অদক্ষতা, স্বেচ্ছাচারিতা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্যকরণ সম্পর্কিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর অভিযোগে ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে ‘চাকরী হতে বরখাস্ত’ করা হবে না বা অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব আবুল হোসেন কর্তৃক গত ১১-০৬-২০২৬ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলের পর গত ০৫-০৭-২০২৬ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং তার দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) অনুযায়ী আনীত ‘অসদাচরণ’-এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৩। সেহেতু, জনাব আবুল হোসেন, সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ (বর্তমানে জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ-এর কার্যালয়ে যোগদানকৃত)-এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) অনুযায়ী ‘অসদাচরণ’-এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩/০৬ আগস্ট ২০২৬

**নং ১০.০০.০০০০.১৩০.০৪.০০৩.১৯-৩৫৩**—জনাব মোঃ আঃ বারেক মিয়া-কে এ বিভাগের গত ০২-০৭-২০১২ খ্রি. তারিখের নম্বর: আর-৬/৪ডি-০১/২০১২/৪৮৪ স্মারকমূলে 'সাব-রেজিস্ট্রার' পদের চাকরি হতে বরখাস্তকরণের আদেশটি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১. ০২-০৭-২০১২ খ্রি. তারিখের নম্বর: আর-৬/৪ডি-ঢাকার এটি মামলা নং- ১৪১/২০২২ এর ০১-০২-২০২৬ খ্রি. তারিখের রায়ে ‘Passed without lawful authority and is of no legal effect’ মর্মে ঘোষিত হওয়ায় এবং বিজ্ঞ ট্রাইব্যুনালের রায়ে ‘The applicant shall be entitled to all arrears of pay, allowances, and other service benefits, to be paid within 90 (ninety) days from the date of receipt of this judgement;’ উল্লেখ থাকায় আবেদনকারীর অনুকূলে তার চাকরি হতে বরখাস্তকালীন সময়ের বকেয়া বেতন, ভাতা ও চাকরিগত অন্যান্য সুবিধা প্রযোজ্য বিধি মোতাবেক মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুম বিল্লাহ**
উপসচিব (রেজিস্ট্রেশন)
(অতিরিক্ত দায়িত্ব)।